তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ১৩/২০১৬

অভিযোগকারী ঃ জনাব শেখ রবিউল ইসলাম
পিতা-মরহুম শেখ আব্দুর রব
১৩৬/১, পশ্চিম কাফরুল (৫ম তলা)
আগারগাঁও, ঢাকা।

প্রতিপক্ষ ঃ জনাব ইলিয়া সুমনা
উপ-সচিব (প্রশাসন-৩)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ১৮-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ২৮-১০-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী, উপ-সচিব (প্রশাসন-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ক) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ গেজেট, নভেম্বর ২১, ২০০২ অনুযায়ী 'বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট' নামের প্রতিষ্ঠানটি বিলুপ্ত করে-

১) সকল স্থাবর ও অস্থাবর সম্পদ, নগদ এবং ব্যাংকে গচ্ছিত অর্থ যদি থাকে, এই রেজুলেশনের অধীন গঠিত ফাউন্ডেশনের সম্পদ ও অর্থ হবে;

২) সকল ঋণ, দায় ও দায়িত্ব যথাক্রমে ফাউন্ডেশন এর ঋণ, দায় ও দায়িত্ব বলিয়া গণ্য হবে;

৩) সকল কর্মকর্তা ও কর্মচারী এই রেজুলেশনের অধীনে গঠিত ফাউন্ডেশনের কর্মকর্তা ও কর্মচারী হবেন এবং এই রেজুলেশন প্রবর্তনের পূর্বে তারা যে শর্তাধীনে চাকুরীতে ছিলেন, এতদুদ্দেশ্যে প্রবিধানমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত তারা একই শর্তে নিয়োজিত থাকবেন।

খ) বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন রেজুলেশন, ২০০২ এর অধীনে 'বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন নামে অর্গানোগ্রাম/-এর পদ সৃজন' অনুমোদন করা হয়েছে কিনা ? হয়ে থাকলে প্রমাণ পত্রটি, আর না হয়ে থাকলে না-সূচক জবাব অবহিত করে তথ্যাদি তথ্য অধিকার আইনে প্রেরণের অনুরোধ ।

গ) 'বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন রেজুলেশন, নামে অর্গানোগ্রাম/-এর পদ সৃজন'- অনুমোদনের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকার অনুমোদন গ্রহণ করা হয়েছে কিনা? করা হয়ে থাকলে প্রমাণ পত্রটি, আর না হয়ে থাকলে না-সূচক জবাব অবহিত করে তথ্যাদি তথ্য অধিকার আইনে প্রেরণের অনুরোধ ।

ঘ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ গেজেট, নভেম্বর ২১, ২০০২ অনুযায়ী "বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম)-বিলুপ্ত প্রতিষ্ঠানের নামের অধীনে-১৮৪ পদ সৃজন" অনুমোদন ১২-০৩-২০০৭ ইং তারিখে করা হয়েছে কিনা? করা হয়ে থাকলে প্রমাণ পত্রটি, আর না হয়ে থাকলে না-সূচক জবাব প্রেরণের অনুরোধ ।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দোহাই দিয়ে বিয়াম ফাউন্ডেশন অভিযোগকারীকে উপ-পরিচালক (প্রশাসন) পদ থেকে ০৬-০৮-২০০৫ ইং তারিখে অব্যাহতির আদেশ পত্র দেন। উপরোক্ত তথ্যাদি বা প্রমাণ পত্র তথ্য অধিকার আইনে প্রেরণের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ০১-১২-২০১৫ তারিখে ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, সিনিয়র সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের প্রেক্ষিতে ০৬-১২-২০১৫ তারিখে ০৫.০০.০০০০.১১০.০০.০১৪.১৫-৩৭২ নং স্মারকে জনাব মোঃ আবুল হাছানাত হুমায়ন কবীর, উপসচিব, প্রশাসন-৩ ও তথ্য প্রদানকারী কর্মকর্তা অভিযোগকারীকে জানান যে, চাহিত তথ্য টি বিজ্ঞ অতিরিক্ত জেলা জজ ও দেউলিয়া বিষয়ক আদালত, ঢাকা এর দেওয়ানী রিভিউ মিস মোকদ্দমা নং ০৬/২০১৫ এর সাথে সংশ্লিষ্ট থাকায় বিচারাধীন মামলার সুষ্ঠু বিচারের স্বার্থে

তথ্য প্রদান করা সম্ভব নয় বলে জানান। উক্ত জবাবে সংক্ষুব্ধ হয়ে তিনি ১২-০১-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। তথ্য কমিশনের ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২১-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। অভিযোগকারী হাজির থাকলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা গরহাজির থাকায় ১৮-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি পুনরায় সমন জারী করা হয় ।

৫। অদ্য শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও তথ্য না পাওয়ায় সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৬। প্রতিপক্ষ জনাব ইলিয়া সুমনা, উপ-সচিব (প্রশাসন-৩) ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনপত্র পাওয়ার পর তিনি চাহিত তথ্য চেয়ে 'বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন' কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করেছেন । এর প্রতিউত্তরে 'বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট ফাউন্ডেশন' কর্তৃপক্ষ মামলা চলমান থাকায় তথ্য দিতে অস্বীকৃতি জানায় । উপরোক্ত বিষয়টি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অভিযোগকারীকে মৌখিকভাবে জানিয়েছেন । তিনি আরো উল্লেখ করেন যে, তথ্য কমিশনের নির্দেশক্রমে তিনি অভিযোগকারীকে তার চাহিত তথ্য প্রদান করতে প্রস্তুত আছেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের এর বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য প্রদান করেন নি । পূর্বতন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জবাবে প্রদর্শিত দেওয়ানী রিভিউ মিস মোকদ্দমা নম্বর ০৬/২০১৫ এর বাদিনী জনৈক সায়মা বানু এবং প্রতিপক্ষ সভাপতি, বিয়াম মডেল স্কুল এন্ড কলেজ গং । এই দেওয়ানী মামলায় তথ্য আবেদনকারী কোন পক্ষ নয় এবং উক্ত মামলার বিষয়বস্তু ভিন্ন । কাজেই উক্ত দেওয়ানী মামলার সাথে চাহিত তথ্য আবেদনকারীর সংশ্লিষ্টতা না থাকায় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে যাচিত তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১৫ দিনের মধ্যে বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব ইলিয়া সুমনা, উপ-সচিব (প্রশাসন-৩) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার